

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগামীকালের ক্লাস-পরীক্ষা স্থগিত



ফাইল ছবি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ২২ নভেম্বর ২০২৫ | ২২:৪৫ | আপডেট: ২২ নভেম্বর ২০২৫ | ২৩:২৯

(-) (অ) (+)

ভূমিকস্পের পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে রোববার সকল ক্লাস ও পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাণ) ড. হিমাদ্রি শেখর চক্ৰবৰ্তীর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ভূমিকস্পজনিত কারণে কিছুসংখ্যক শিক্ষার্থী আহত হয়েছে এবং শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে। এ পরিস্থিতিতে শিক্ষার্থীদের নিরাপত্তা ও সার্বিক বিবেচনায় আগামীকালের সকল ক্লাস ও পরীক্ষা স্থগিত করা হলো। স্থগিত হওয়া পরীক্ষার নতুন সময়সূচি পরে জানানো হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

এ দিকে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়, সাম্প্রতিক ভূমিকম্প ও আফটার শকের ফলে উদ্ভৃত পরিস্থিতিতে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক আঘাত বিবেচনা এবং সার্বিক নিরাপত্তার স্বার্থে আগামীকাল বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন উদ্ভৃত পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। পরিস্থিতি মূল্যায়ন শেষে পরবর্তী করণীয় ও সিদ্ধান্তসমূহ শীঘ্রই জানিয়ে দেওয়া হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন সকল শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীর নিরাপত্তাকে প্রাধান্য দিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে।